দৈনিক ইত্তেফাক

৬/৭/২০০১

তারিখ ---------------
পৃষ্ঠা ...৩... কলাম ...২......

# সরকার বিনা বেতনে প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করিলেও–

টাঙ্গাইল সংবাদদাতা ।। জেলার মধুপুর উপজেলার প্রাথমিক শিক্ষায় দুর্নীতি সংক্রান্ত ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) জরিপ রিপোর্ট গত রবিবার প্রকাশ করা হইয়াছে। বিকালে টাঙ্গাইল প্রেসক্লাবে আয়োজিত সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রকাশিত রিপোর্টে বলা হয়, এই উপজেলায় ১৮০টি প্রাথমিক বিদ্যালয়ের মোট ৫৬ হাজার ৯১৭ জন ছাত্র-ছাত্রীর মধ্যে শতকরা ১৪ দশমিক ৯ জন শিক্ষার বিনিময়ে খাদ্য কর্মসূচীতে অন্তর্ভুক্ত হইয়াছে। তাহাদের মধ্যে ৪১ ভাগ জানায়, এই কর্মসূচীতে অন্তর্ভুক্ত হইতে ঘুষ দিতে হইয়াছে। সরকার কর্তৃক বিনা বেতনে প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করা হইলেও এই উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের নিকট হইতে পাঁচটি খাতে বছরে প্রায় ৩৫ লক্ষ ৭৮ হাজার টাকা চাঁদা ও ফি আদায় করা হইয়াছে।

সাংবাদিক সম্মেলনে রিপোর্ট পড়িয়া শোনান সংস্থার স্থানীয় কমিটির আহ্বায়ক অধ্যাপক গোলাম সামদানী।